"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম ইউনিট
৬,কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং ৫৯.১১.০০০০.৫৫০.২৩.০০১.২২ (অংশ-২) ৭০৫ তারিখঃ 22/02/2024 খ্রিঃ

বিষয় ঃ আগামী ০৫-০৭ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত দেশব্যাপী স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা কার্যক্রম জোরদারকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ০৫-০৭ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে দেশব্যাপী স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা কার্যক্রম জোরদারকরণের উদ্যোগ নেয়া হয়েছে। উল্লেখিত তারিখে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন সেবাকেন্দ্রে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা সেবা সুষ্ঠভাবে অনুষ্ঠিত করার লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনা প্রদানপূর্বক নিম্নলিখিত বিষয় সমূহের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করা হলো ঃ

- উপপরিচালকগণ তাঁর জেলার প্রয়োজন অনুযায়ী বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা এর সাথে আলোচনাক্রমে পার্শ্ববর্তী জেলার চিকিৎসক কর্মকর্তাদের সমন্বয়ে স্থায়ী ও দীর্ঘমেয়াদী কার্যক্রম বিষয়ক ক্যাম্পে সেবা প্রদান নিশ্চিত করবেন।
- দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা সেবার ক্ষেত্রে যে সকল স্থানে সেবাপ্রদানকারীর স্বল্পতা আছে, সেখানে রিজিওনাল কনসালটেন্ট/ ডিষ্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটিগণ উপপরিচালক (পরিবার পরিকল্পনা) এবং NGO দের সাথে আলোচনাক্রমে প্রয়োজনীয় সংখ্যক অপারেটিং সার্জন টীম/ সেবা প্রদানকারী টীম গঠন করবেন এবং রিজিওনাল কনসালটেন্ট/ডিষ্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটিগণ নিজেরাও সার্জন হিসাবে এ সকল টীমে যুক্ত হয়ে সরাসরি সেবা প্রদান করবেন এবং সেবা কার্যক্রম তদারকি করবেন। প্রশিক্ষিত চিকিৎসক কর্মকর্তাদের সর্বোচ্চ অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ০৫-০৭ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখ দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রতিদিনই সংগঠন করে সেবা প্রদান করতে হবে। সকল প্রশিক্ষণপ্রাপ্ত চিকিৎসক কর্মকর্তাগণ স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি ও ইমপ্ল্যান্ট সেবা প্রদান করবেন এবং মহিলা চিকিৎসক কর্মকর্তা, মহিলা স্যাকমো ও পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ আইইউডি সেবা প্রদান করবেন। সেবাকেন্দ্রে প্রতিদিন সেবাপ্রদানকারীদের সার্বক্ষনিক উপস্থিতি অত্যাবশ্যক।
- প্রতি উপজেলার Hard to reach area অথবা দূরবর্তী এলাকা যেখান থেকে ক্লায়েন্ট সহজে উপজেলা সদরে আসতে পারেন না, সে সকল এলাকায় উক্ত তারিখে নিয়মিত সেবাদানের পাশাপাশি দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প আয়োজন করতে হবে।
- উপপরিচালক, পরিবার পরিকল্পনাবৃন্দ জেলা সিভিল সার্জনের সাথে আলোচনাক্রমে মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীগণ (PPV, FWA, FPI, FWV, Pharmacist, SACMO ও CHCP, HA, AHI, HI, NGO মাঠকর্মী) এর মাধ্যমে উক্ত তারিখে দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতির গ্রহীতা প্রেরণ নিশ্চিত করবেন।
- স্বাস্থ্য অধিদপ্তরের অধীন যে সকল মেডিক্যাল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা হাসপাতালে প্রসব পরবর্তী দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা চালু আছে, সে সকল কেন্দ্রে স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিত করার সার্বিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি সম্পর্কে পরামর্শ প্রদান এবং গ্রহীতার প্রসবের পর পছন্দ অনুযায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি প্রদান করবেন।
- প্রতিটি কেন্দ্রে গুনগত প্রজনন স্বাস্থ্য সেবার আওতাধীন এমআর ও গর্ভপাত পরবর্তী পরিবার পরিকল্পনা সেবা সমূহ নিশ্চিত করবেন।
- এনজিও ও প্রাইভেট সেক্টরের সেবাকেন্দ্র সমূহে প্রতিদিনই দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা প্রদান করবেন।
- প্রতিদিনের সেবা প্রদানের পদ্ধতি ভিত্তিক সংখ্যা ছক মোতাবেক পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস ইউনিটে প্রেরণের পাশাপাশি এর এক কপি সিসিএসডিপি'র ই-মেইল এড্রেস ccsdpdgfp@gmail.com এ পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সংক্রান্ত যে কোন প্রয়োজনে সিসিএসডিপি ইউনিটের উপপরিচালক (কিউ) ও প্রোগ্রাম ম্যানেজার (কিউ) ডাঃ শামীম মোঃ আকরাম, মোবাইল নম্বর ০১৭১৫০৮৮৪০০ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।
- পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সিসিএসডিপি ইউনিট হতে ইমপ্রেষ্ট ফান্ড, লজিস্টিক ও এমএসআর এর সরবরাহ নিশ্চিত করণে প্রয়োজনীয় সর্বোচ্চ পদক্ষেপ গ্রহণ করবেন।
- কেন্দ্রীয় পণ্যাগার, আঞ্চলিক পণ্যাগার, জেলা সংরক্ষিত পণ্যাগারসমূহ সেবা সপ্তাহ সংক্রান্ত চাহিদা অনুযায়ী দ্রুত পর্যাপ্ত সরবরাহ প্রদান নিশ্চিত করবেন।

অপর পৃষ্ঠা দ্রঃ

F:\Imrul\Imrul2010\sebashopta\Sheba shopta 25-30 Nov 2023.doc

➢ কর্মকর্তাগণ দেশব্যাপী স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বাস্তবায়নে সকল কর্মীর কার্যকর সংশ্লিষ্টতা ও অংশগ্রহণ নিশ্চিত করবেন এবং পদ্ধতি ওয়ারী অগ্রগতি রিপোর্ট প্রেরণ করবেন।

উপরোলিখিত বিষয় সমূহের প্রতি গুরুত্ব প্রদান পূর্বক আগামী ০৫-০৭ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখ দেশব্যাপী স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের সদয় নির্দেশক্রমে।

ডাঃ ফরিদ উদ্দিন আহমদ
লাইন ডাইরেক্টর
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম ইউনিট।
ই-মেইল ঃ ccsdpdgfp@gmail.ocm

প্রাপক ঃ ১। পরিচালক, পরিবার পরিকল্পনা,..................................বিভাগ।
২। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ..............................জেলা।
৩। সহকারী পরিচালক (পঃপঃ/সিসি)..................................জেলা।
৪। রিজিওনাল/ ডিষ্ট্রিক্ট কনসালটেন্ট, এফপিসিএস-কিউআইটি,.........................অঞ্চল/ জেলা।
৫। মেডিক্যাল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র. ......................... জেলা।
৬। মেডিক্যাল অফিসার (সিসি),..........................................জেলা।
৭। মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল).............উপজেলা...........জেলা।

স্মারক নং ৫৯.১১.০০০০.৫৫০.২৩.০০১.২২ (অংশ-২)/১৯০৫/১(২৫০০) তারিখ ঃ 22/02/2024 ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১. চেয়ারম্যান, জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
২. বিভাগীয় কমিশনার, ..................................বিভাগ।
৩. পরিচালক/ লাইন ডাইরেক্টর (সকল) ..........................................অত্র অধিদপ্তর।
৪. পরিচালক ও লাইন ডাইরেক্টর (সকল), ..............................................স্বাস্থ্য অধিদপ্তর।
৫. বিভাগীয় পরিচালক, স্বাস্থ্য (সকল) ................................বিভাগ।
৬. পরিচালক.....................................মেডিক্যাল কলেজ হাসপাতাল।
৭. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা /এমসিএইচটিআই,আজিমপুর, ঢাকা/ এমসিএইচটিআই,লালকুঠি, মিরপুর,ঢাকা ।
৮. জেলা প্রশাসক, .................................জেলা।
৯. সিভিল সার্জন, ....................................জেলা।
১০. তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল..........................জেলা।
১১. উপজেলা চেয়ারম্যান, ..................................উপজেলা..........................জেলা।
১২. উপজেলা নির্বাহী কর্মকর্তা,..............................উপজেলা............................জেলা।
১৩. অতিরিক্ত পরিচালক (ঔষধ সংগ্রহ ও ভান্ডার), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী,ঢাকা- আঞ্চলিক পণ্যাগার ও উপজেলা পরিবার পরিকল্পনা গুদামে আইইউডি, ইমপ্ল্যান্টসহ অন্যান্য আনুষংগিক এমএসআর এর পর্যাপ্ত সরবরাহ দ্রুত নিশ্চিত করবেন।
১৪. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ........................উপজেলা......................জেলা।
১৫. সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, .................................জেলা।
১৬. প্রতিনিধি, ..........................................................এনজিও।
১৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

ডাঃ শামীম মোঃ আকরাম
উপ পরিচালক (কিউএ) ও প্রোগ্রাম ম্যানেজার (কিউএ)
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম।
মোবাইল ঃ ০১৭১৫০৮৮৪০০

## ০৫-০৭ মার্চ, ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত দেশব্যাপী স্থায়ী ও দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা কার্যক্রমের অগ্রগতির ছক ঃ

| জেলার নাম | উপজেলার নাম | তারিখ | ইমপ্ল্যান্ট | | | আইইউডি | | | এনএসভি | | | টিউবেকটমী | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ইন্টার ভ্যাল | প্রসব পরবর্তী | মোট | ইন্টার ভ্যাল | প্রসব পরবর্তী | মোট | ইন্টার ভ্যাল | প্রসব পরবর্তী | মোট | ইন্টার ভ্যাল | প্রসব পরবর্তী | মোট | |
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | |

প্রস্তুতকারী

উপপরিচালক,
পরিবার পরিকল্পনা